৪৭

দৈনিক সংবাদ

তারিখ 21 JAN 1996
পৃষ্ঠা ২ কলাম ৭

বিজ্ঞান কর্মীদের উদ্বেগ

# 'মাধ্যমিক স্তরে বর্তমান শিক্ষাক্রম বিজ্ঞান চর্চা বাধাগ্রস্ত করবে'

গত শুক্রবার কিছুসংখ্যক বিজ্ঞানী, বিজ্ঞান শিক্ষক ও বিজ্ঞান কর্মীদের এক সভায় দেশে নবম ও দশম শ্রেণীর বিজ্ঞান শিক্ষাক্রমে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। সভায় বলা হয়, ১৯৯৬ সাল থেকে মাধ্যমিক স্তরে যে শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে তাতে বিজ্ঞানের শিক্ষার্থীদের গণিত ও জীব বিজ্ঞান একসঙ্গে নিয়ে পড়ার কোন সুযোগ নেই। এই সিদ্ধান্ত অবৈজ্ঞানিকই শুধু নয় সরাসরি বাস্তব সামাজিক, চাহিদা বিরোধীও বটে। এই সিদ্ধান্ত শিক্ষার্থীদের উচ্চতর বিজ্ঞানচর্চায় ও শিক্ষাগ্রহণে বাধাগ্রস্ত করবে। সভায় অবিলম্বে এ সিদ্ধান্ত বাতিল করার দাবি জানানো হয়।

সভায় বলা হয়, এই ভ্রান্ত শিক্ষানীতির কারণে বিশেষ করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে বিজ্ঞানের ছাত্রসংখ্যা আশংকোজনকভাবে কমে এসেছে। ফলে বিজ্ঞানচর্চা মারাত্মকভাবে বাধাগ্রস্ত হয়েছে।

ডঃ অজয় কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিজ্ঞানচর্চাকে সর্বজনীন ও জনপ্রিয় করে তোলার লক্ষ্যে বিজ্ঞান মঞ্চ নামে একটি সংগঠন গড়ে তোলার সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় ডঃ এ আর খানকে আহ্বায়ক ও অধ্যাপিকা এ এন রাশেদাকে সদস্য সচিব করে ১১ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়। সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দিন, অধ্যাপক মু, এলতাসউদ্দিন, ডঃ ফ র আল সিদ্দিক, ডঃ হায়াৎ মামুদ, অধ্যাপক ডঃ আলী আসগার, অধ্যাপক গোলাম মহিউদ্দিন, ডঃ মাহবুবুল হক, ডঃ নীতিশ দেবনাথ প্রমুখ।